



# বার্ষিক প্রতিবেদন

২০২৩-২০২৪



উপজেলা সমবায় কার্যালয়, নেছারাবাদ, পিরোজপুর

সমবায় অধিদপ্তর

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

### **উপদেষ্টা**

মুহাম্মদ হাসান রকি  
উপজেলা সমবায় কর্মকর্তা, নেছারাবাদ, পিরোজপুর।

### **সম্পাদনায়**

ফারজানা ফেরদৌস  
সহকারি পরিদর্শক  
উপজেলা সমবায় কার্যালয়, নেছারাবাদ, পিরোজপুর।

### **সংকলনে**

মো: কামাল হোসেন  
সহকারি পরিদর্শক  
উপজেলা সমবায় কার্যালয়, নেছারাবাদ, পিরোজপুর।  
মো: হুমায়ুন কবির, অফিস সহকারী  
উপজেলা সমবায় কার্যালয়, নেছারাবাদ, পিরোজপুর।

### **প্রকাশকাল**

১৫ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি:

### **প্রকাশনায়**

উপজেলা সমবায় কার্যালয়, মঠবাড়িয়া, পিরোজপুর।  
ফোন: ০২৪৭৮৮৯২৩২৬  
Website: [www.cooperative.nesarabad.pirojpur.gov.bd](http://www.cooperative.nesarabad.pirojpur.gov.bd)  
E-mail: uconesarabad20@gmail.co

---

উপজেলা সমবায় কার্যালয়, নেছারাবাদ, পিরোজপুর এর সাংগঠনিক কাঠামো

## উপজেলা সমবায় কর্মকর্তা



সহকারি পরিদর্শক- ০২

অফিস সহকারী কাম কম্পিউটার  
মুদ্রাক্ষরিক- ০১

অফিস সহায়ক- ০১

উপজেলা সমবায় কার্যালয়, নেছারাবাদ, পিরোজপুর এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের তথ্য:

ক্র: নং	ছবি	নাম	পদবী	ই-মেইল	মোবাইল নম্বর	ফোন
১.		মুহাম্মদ হাসান রকিব	উপজেলা সমবায় অফিসার	mhasanrokey2004@gmail.com	০১৭৬৮৯৫৫৩৭৪	
২.		ফারজানা ফেরদাউস	সহকারি পরিদর্শক		০১৭১৯০৭৫০০৮	
৩.		মো: কামাল হোসেন হাঁক	সহকারি পরিদর্শক	Khcd82@gmail.com	০১৭৪৭০৭৯৩২৬	
৪.		মো: হুমায়ুন কবির	অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর	humaunkabirbsl1987@gmail.com	০১৭৩১৪৪৩১৬২	
৫.		মো: শামীল হোসেন	অফিস সহায়ক	--	০১৯৩৫৮৩৮৪৯০	



## মুখ্যবন্ধু

১৯০৪ সালে এ উপমহাদেশে সমবায় আন্দোলন আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। স্বাভাবিকভাবে সমকালীন সময়েই বাংলাদেশে সমবায়ের যাত্রা শুরু হয়।

কৃষিকে কেন্দ্র করে এ উপমহাদেশে সমবায়ের উৎপত্তি হলেও কৃষি ও কৃষিভিত্তিক কার্যক্রমের পাশাপাশি মৎস্য, দুগ্ধ, সঞ্চয়-ঋণদান, পানি ব্যবস্থাপনা, ক্ষুদ্র ব্যবসা, পরিবহন, পেশাজীবী, আবাসন, উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ এবং পর্যটন ইত্যাদি সেক্টরে সমবায় কার্যক্রমের বিস্তার ঘটেছে।

উন্নত বাংলাদেশ গঠনের জন্য টেকসই সমবায় গঠন করা আবশ্যিক। আর টেকসই সমবায়ের মাধ্যমে হতে পারে টেকসই উন্নয়ন। এ জন্য সমবায় অধিদপ্তরের রূপকল্প হলো “টেকসই সমবায়, টেকসই উন্নয়ন”।

বর্তমানে বাংলাদেশে ৩৫ ক্যাটাগরির সমবায় সমিতি রয়েছে। মোট সমবায় সমিতির সংখ্যা প্রায় ১ লক্ষ ৯৪ হাজার। সমবায়গুলোর ব্যক্তি সদস্য প্রায় ১ কোটি ১৬ লক্ষ এবং কার্যকরী মূলধন প্রায় ১৫ হাজার কোটি টাকা।

বিভিন্ন সমবায় সমিতির মহিলা সদস্য ২৭ লক্ষেরও বেশি। সমবায় বিভাগ হতে নিবন্ধিত মহিলা সমবায়গুলো নারীদের প্রশিক্ষণ প্রদানসহ নানা পেশা ও ব্যবসায় সম্পৃক্ত করছে। ফলে আর্থিক ক্ষমতায়নের পাশাপাশি ঘটছে নারীদের ব্যক্তিত্ব ও নেতৃত্বের বিকাশ।

উন্নত বাংলাদেশ বিনির্মাণে সমবায় অধিদপ্তর নিম্নোক্ত ৭ টি বিষয়কে বিবেচনা করছে-

- \* গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠী;
- \* নারী;
- \* তরুণ উদ্যোক্তা;
- \* অনগ্রসর ও প্রাণ্তিক জনগোষ্ঠী;
- \* কৃষি, মৎস্য, পোলিট্রি, মাংস ও ডেইরি উৎপাদক;
- \* জলবায়ু ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী
- \* বিদ্যমান সমবায় সমিতি।

সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উন্নয়নের মূল ধারায় নারীদের অধিকতর অংশগ্রহণ নিশ্চিতকরণ, প্রাণ্তিক ও অনগ্রসর জনগোষ্ঠীকে উন্নয়ন প্রক্রিয়ায় অন্তর্ভুক্তিকরণ, দক্ষতা বৃদ্ধির মাধ্যমে যুবদের স্ব-কর্মসংস্থান সৃষ্টি ও উদ্যোগ্ন সৃজন, আধুনিক কৃষি ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে সমবায়ভিত্তিক কৃষি যান্ত্রিকীকরণ, পুষ্টিসম্মত ও নিরাপদ খাদ্যের নিশ্চয়তা ও সমবায়ীদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করার লক্ষ্যে সমবায় ভিত্তিক বাজার অবকাঠামো সৃষ্টি ও **value chain** প্রতিষ্ঠা, দুঃঃ উৎপাদন বৃদ্ধি ও পুষ্টি চাহিদা পূরণে দুঃঃ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ, জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট ক্ষতির প্রভাব প্রশমনে লবনান্ত অঞ্চল, হাওড় ও চরাঞ্চলে বিকল্প জীবিকায়নের উদ্যোগ গ্রহণ এবং সমবায়ভিত্তিক পর্যটন শিল্পের বিকাশ- এ ক্ষেত্রগুলোয় বিশেষভাবে কাজ করে যাচ্ছে।

সমবায়ের পথ-সমাজতন্ত্রের পথ, গণতন্ত্রের পথ। সমবায় সমিতি এমন একটি জনকল্যাণ ও উন্নয়নমূলক আর্থ-সামাজিক প্রতিষ্ঠান যার মধ্যে-গণতন্ত্র আছে, অর্থনীতি আছে, সম্মিলিত কর্মপরিকল্পনা আছে এবং সদস্যদের সামাজিক উন্নয়ন আছে।

সমবায়দের ক্ষুদ্র ক্ষুদ্র প্রচেষ্টা ও সভাবনাগুলো একত্রিত হয়ে বৃহৎ উৎপাদন ও টেকসই উন্নয়নের মাধ্যমে স্বনির্ভর সোনার বাংলাদেশ জায়গা করে নিবে পৃথিবীর মানচিত্রে।

পরিশেষে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ভাষায় বলতে হয়:

“ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আয়।  
দুঃখ জয়ের নবীনমন্ত্র-‘সমবায় সমবায়’

প্রকাশনাটি সরকারী নীতিনির্ধারক, সমবায় আন্দোলনের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গসহ সমাজের সকল স্তরের মানুষের কাছে সমাদৃত হবে এবং সমবায় অধিদপ্তরের সকল কর্মকাণ্ড প্রচারে অবদান রাখবে মর্মে আমি খুবই আশাবাদী।  
প্রকাশনাটির সাথে যুক্ত সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

মুহাম্মদ আবদুল্লাহ আল মামুন  
যুগ্মনিবন্ধক  
বিভাগীয় সমবায় কার্যালয়,  
বরিশাল



## মুখ্যবন্ধু স্মার্ট বাংলাদেশ, স্মার্ট সমবায়

সরকারের ভিশন বাস্তবায়নে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সমবায় বিভাগকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। সমবায়ের গুরুত্বপূর্ণ অবদানের মাধ্যমে দেশ আরো এগিয়ে যাবে। তাই সকলকে সমবায়ের মাধ্যমে একসাথে কাজ করতে হবে। দেশের বর্তমান ক্রমবর্ধমান উন্নয়ন-অগ্রযাত্রা অব্যাহত রাখতে এই প্রতিষ্ঠানকে আরো নতুন নতুন টেকসই প্রযুক্তি উন্নাবন করতে হবে। কৃষিতে আধুনিক টেকসই প্রযুক্তি উন্নাবন ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে বর্তমান সরকারের স্মার্ট বাংলাদেশ নির্মাণের লক্ষ্যমাত্রা পূরণে সমবায় অবদান রাখবে। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এর সাথে সামঞ্জস্য রেখে কর্মপরিকল্পনা তৈরি করে গ্রামীণ জীবনমান উন্নয়নে সমবায় বিভাগকে সর্বোচ্চ প্রচেষ্টা চালাতে হবে।

পংকজ কুমার চন্দ  
জেলা সমবায় কর্মকর্তা  
পিরোজপুর

## প্রারম্ভিকা:

সাম্য-ঐক্য-সততার সমন্বয়ে সৃষ্টি একটা জোট হলো সমবায়। একক প্রচেষ্টা যেখানে ব্যর্থ সেখানেই প্রয়োজন দলগত প্রচেষ্টা। সমন্বিত প্রচেষ্টারই আনতে পারে আশাতীত সাফল্য। একটা চিন্তা একজন না করে বহুজনের মধ্যে যদি সেটা বিস্তার ঘটানো যায় তবে এর কাঠামো থেকে চূড়ান্ত অবস্থাবধি আমূল পরিবর্তন সম্ভব। চূড়ান্ত অবস্থায় আমূল পরিবর্তন আনায়নে আশাতীত সাফল্য লাভের লক্ষ্যে সমন্বিত এক প্রচেষ্টার নামই সমবায়। সমবায় হলো-পরস্পরের সহযোগিতায় পরস্পরের অগ্রগতির পথে প্রতিবন্ধকতা দূর করার একটা উপায়। সমবায় সংগঠন একটা সুশৃঙ্খল ও গণতান্ত্রিক আর্থ-সামাজিক সংগঠন। সমবায় এর আর্থ-সামাজিক দ্যোতনা বিচার করে বলা হয়ে থাকে ‘সমবায় সমিতি হচ্ছে সদস্যদের জন্য, সদস্যদের দ্বারা এবং সদস্যদের কল্যাণে পরিচালিত সংগঠন। (A cooperative Society is the organization of the cooperators, for the cooperators and by the cooperators). বাংলার কৃষককে সুদখোর মহাজনদের শোষন থেকে বাঁচানোর মহৎ উদ্দেশ্যে এ উপমহাদেশে ১৯০৪ সালে সমবায় আন্দোলনের আনুষ্ঠানিক যাত্রা শুরু। জেলা সমবায় বিভাগ পিরোজপুরে বিভিন্ন চড়াই উৎরাই পেরিয়ে সময়ের প্রেক্ষাপটে কৃষির পাশাপাশি ক্ষুদ্র ব্যবসা, কুটিরশিল্প, মৎস্য, দুধ, সঞ্চয়-খণ্ডন, সার্বিক গ্রাম উন্নয়ন, পানি ব্যবস্থাপনা, ইত্যাদি বিভিন্ন খাতে সমবায় পদ্ধতির বিস্তার ঘটেছে। এ সুনীর্ধ পথপরিক্রমার ইতিহাস থেকেই বুঝা যায় সমবায় পদ্ধতির গ্রহণযোগ্যতা রয়েছে এবং ভবিষ্যতে তা আরো বৃদ্ধি হতে থাকবে।

একটি সার্বজনীন, অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক, সমতা ভিত্তিক উন্নত বাংলাদেশ গঠনের জন্য পরিচালিত হয় বাঙালির মুক্তিযুদ্ধ। সমবায়ের গুরুত্ব বিবেচনা করে বাংলাদেশের সংবিধানে সমবায়কে মালিকাকনার দ্বিতীয় খাত হিসেবে নির্ধারণ করা হয়।

## বাংলাদেশে সমবায় আন্দোলনের ক্রমবিকাশ:

বাংলাদেশে সমবায় আন্দোলনের রয়েছে সুদীর্ঘ ইতিহাস ও ঐতিহ্য। ১৮৭৫ সালে দক্ষিণ ভারতে সুদখোর মহাজনদের বিরুদ্ধে কৃষক বিদ্রোহের ফলশুতিতে এক ভয়াবহ দাঙ্গা সংঘটিত হয়। তৎকালীন বৃটিশ সরকার নিজেদের স্বার্থেই কৃষকদের সমস্যা সমাধান করা যাবে বলে ইংরেজ সরকার বিশ্বাস করে। এ বিশ্বাস থেকে ১৯০৪ সালে জন্ম নেয় সমবায়।

১৯০৪	বেঙ্গল ক্রেডিট কো-অপারেটিভ অ্যাস্ট-১৯০৪ (Bengal Credit Cooperative Societies Act-1904) জারী করা হয়।
১৯১২	(The Cooperative Societies Act, 1912 (Act II of 1912) নামায় নতুন সমবায় আইন জারী করা হয়।
১৯২২	বেঙ্গল প্রাদেশিক সমবায় ব্যাংক লি: প্রতিষ্ঠিত হয়।
১৯২৯-৩০	বিশ্ব অর্থনৈতিক মন্দার আঘাতে সমবায় আন্দোলন স্থিমিত হয়ে পড়ে।
১৯৩৪-৩৫	বাংলায় ৫টি সমবায় জমি বন্ধকী ব্যাংক স্থাপন করা হয়। ময়মনসিংহ সমবায় জমি বন্ধকী ব্যাংক স্থাপিত হয়। বেঙ্গল কৃষি খণ্ড আইন (Bengal Agricultural Debtors Act of 1935) জারীর ফলে সমবায় সমিতির খণ্ডের উপর বিরূপ প্রভাব ফেলে।
১৯৪০	দ্বিতীয় বিশ্বযুদ্ধের বিরূপ পরিস্থিতির উভরণের জন্য এবং সমবায় আন্দোলনে নতুন প্রাণসঞ্চারের জন্য (Bengla Cooperative Society Act-1940) জারী।
১৯৪৮	পূর্ব পাকিস্তান প্রাদেশিক সমবায় ব্যাংক লি: গঠিত হয় যা বর্তমানে বাংলাদেশ সমবায় ব্যাংক লি: নামে পরিচিত।
১৯৬০	ড. আখতার হামিদ খান কর্তৃক 'কুমিল্লা পদ্ধতি' পরীক্ষামূলকভাবে চালু করা হয়। কুমিল্লার অভয় আশ্রমে 'কোতয়ালী থানা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন (কেটিসিসিএ) লি: স্থাপন এর আওতায় 'কুমিল্লা পদ্ধতি' চালু হয়।
১৯৮৪	রাষ্ট্রপতি কর্তৃক সমবায় সমিতি অধ্যাদেশ/১৯৮৪ জারী হয়। (The Cooperative Societies Ordinance, 1984 (Ordinance No 1 of 1985)
১৯৮৭	সমবায় সমিতি নিয়মাবলী/১৯৮৭ জারী করা হয়। (Cooperative Societies Rules, 1987)
২০০১	সমবায় সমিতি আইন ২০০১ সংসদে অনুমোদন লাভ করে ও জারী হয়।
২০০২	সমবায় সমিতি আইন ২০০১ এর সংশোধনী জারী করা হয়।
২০০৪	সমবায় সমিতি বিধিমালা ২০০৪ জারী করা হয়।
২০১৩	সমবায় সমিতির শাখা অফিস বন্ধ করাসহ অন্যান্য পরিবর্তন এনে সংশোধিত সমবায় সমিতি আইন ২০১৩ জারি করা হয়।
২০২০	সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর সংশোধনী জারী হয়।

বর্তমান বিশ্বের মানুষ এক উন্মুক্ত প্রতিযোগিতার অভিযান্ত্রী। এখানে পিছিয়ে পড়া মানুষের প্রধান অবলম্বন সমবায়। আমাদের দেশের সমবায় চিন্তকদের অবশ্যই ক্ষুদ্র কৃষক, ক্ষুদ্র ব্যবসায়ী, ক্ষুদ্র ও কুটির শিল্পের স্বার্থে কাজ করতে হবে। অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ও অন্তর্ভুক্তিমূলক অর্থায়ন নিশ্চিত করার একটি কৌশল হচ্ছে সমবায়। এটি শুধু আর্থিক প্রতিষ্ঠান নয়। মানবিক, সামাজিক ও সাংস্কৃতিক বিকাশের নির্ভরযোগ্য একটি অবলম্বন সমবায়। এটি সততা প্রতিষ্ঠা এবং মনন ও মানসিকতা পরিবর্তনের উত্তম পদ্ধা। সমবায় সুপ্রতিষ্ঠিত হলেই সুশাসন, গণতন্ত্রায়ন, বিকেন্দ্রীকরণ এবং প্রাণ্তিক জনগণের সক্ষমতা বৃক্ষি নিশ্চিত করা যাবে। এর জন্য দেশে সমবায় আন্দোলনকে আরও জোরদার করতে হবে। একদিকে নানা কারণে কৃষি জমি কমছে, অন্যদিকে অনাবাদি জমিও পড়ে থাকছে। কৃষি উৎপাদনে অঙ্গতার কারণে পানি ও সারের অপচয় হচ্ছে এবং কীটনাশকের

ব্যবহার বেড়েছে। তাই কৃষি সমবায় সমিতি গুলোর কায়ক্রমে কাঠামোগত সংস্কার জরুরী। তরুণ প্রজন্মকে সম্পৃক্ত করে শ্রম ও পানি সাধারণী, রাসায়নিক সার ও কীটনাশকের যৌক্তিক ব্যবহার এবং প্রক্রিয়াকরণ, গুদামজাতকরণ ও বাজারজাতকরণ কার্যক্রম সম্বলিত নতুন আঙিকে কৃষি সমবায় সমিতি গড়ে তুলতে হবে।” একইভাবে ২০২৩ সালে ৫২ তম জাতীয় সমবায় দিবসে দেশ ও জাতির অগ্রযাত্রার সাথে সামঞ্জস্য রেখে সমবায় অধিদপ্তরকে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করা হয় যার মধ্যে ৬টি নির্দেশনা বিশেষভাবে উল্লেখযোগ্য:

ক) সমবায়ের মাধ্যমে সমাজের অনগ্রসর জনগোষ্ঠী বিশেষ করে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, হিজড়া, বেদে ও অন্যান্য অনগ্রসর জনগোষ্ঠীর জীবন্যাত্রার মান উন্নয়ন; খ) সমবায়ের মাধ্যমে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন, নারী পুরুষের সমতা আনয়নের জন্য নারীদেরকে প্রশিক্ষণ প্রদান; গ) আইলবিহীন চাষাবাদ, কৃষি যান্ত্রিকীকরণ ও গ্রামীণ উন্নয়নে গ্রাম ভিত্তিক বহুমুখী সমবায় সমিতি গঠন; ঘ) পুষ্টি চাহিদা পূরণ ও দুঁক শিল্পের প্রসার; �ঙ) উৎপাদিত পণ্যের প্রক্রিয়াকরণ; চ) স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান তৈরীর উদ্যোগ গ্রহণ। জেলা সমবায় বিভাগ পিরোজপুর উল্লিখিত নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান রেখেছে।

### জেলা সমবায় দপ্তর:

সমবায় অধিদপ্তর জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য হাস করণে সরকারি উদ্যোগ বাস্তবায়নের অন্যতম প্রধান সংস্থা হিসেবে পরিচিতি লাভ করেছে এবং এটি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনস্থ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনের আরেকটি অধিদপ্তর। সমবায় অধিদপ্তরের প্রধান নির্বাহী কর্মকর্তা যিনি নিবন্ধক ও মহাপরিচালক নামে অভিহিত। উপজেলা/মেট্রো: থানা, জেলা, বিভাগ ও সদর দপ্তর এ ৪ পর্যায়ে অধিদপ্তরের কার্যালয় বিস্তৃত। ৪ পর্যায়ের ২য় পর্যায় হলো জেলা সমবায় দপ্তর এর প্রধান নির্বাহী যিনি জেলা সমবায় কর্মকর্তা নামে অভিহিত জেলা সমবায় কার্যালয় পিরোজপুর এর আওতাধীন ৭টি উপজেলা সমবায় কার্যালয় রয়েছে।

### রূপকল্প:

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

### অভিলক্ষ্য:

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোগ সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

জেলা সমবায় দপ্তর পিরোজপুর এর কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;
২. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সমবায়ের মানোন্নয়ন;
৩. মানসম্পর্ক ও নিরাপদ সমবায় পণ্য উৎপাদন ও প্রসার;
৪. দারিদ্র্য ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ।

## উপজেলা সমবায় দপ্তর, নেছারাবাদ, পিরোজপুরের কার্যক্রমের পরিসংখ্যানঃ-

কর্মসম্পাদন সূচক	একক	বার্ষিক লক্ষ্যমাত্রা	ক্রমপঞ্জীভূত অর্জন	অর্জনের হার
০১	০২	০৩	০৪	
[১.১.১] অকার্যকর সমিতির হালনাগাদ তালিকা সংকলিত	তারিখ	৩১ জুলাই	৩১ জুলাই	১০০%
[১.১.২] সমিতির বাংসরিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত	তারিখ	৩১ জুলাই	৩১ জুলাই	১০০%
[১.১.৩] মডেল সমবায় সমিতি সৃজিত	সংখ্যা	১টি	০	০
[১.১.৪] নির্ধারিত ছকে বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন সংকলিত	তারিখ	৩১ জুলাই	৩১ জুলাই	১০০%
[১.২.১] কার্যকর সমবায়ের নিরীক্ষা সম্পাদিত	%	১০০%(৩৪৮)	৩৪৫	৯৯%
[১.২.২] সমিতি পরিদর্শন সম্পাদিত	সংখ্যা	৭৬টি	৮৭	৬১%
[১.২.৩] কার্যকর সমিতির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী কমিটি গঠিত	%	৯০%(৪৩)	২৬	৬০%
[১.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিতকৃত	%	১০০%(৩৩৮)	৩১৮	৯৪%
[১.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম অনুষ্ঠিত/ব্যর্থতায় ব্যবস্থা গ্রহণ	%	৯০%(৩৩৮)	২১৮	৬৪%
[১.২.৬] নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও ব্যবস্থা গ্রহীত	সংখ্যা	৯০টি	৬৭	৭৪%
[১.২.৭] নিরীক্ষা সংশোধনী প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	৮০টি	৫৬	৭১%
[১.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত	%	১০০%(২০৩৪৯০)	২০৩৪৯০	১০০%
[১.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত	%	১০০%(৯৪৫৩৮)	৯৪৫৩৮	১০০%
[২.১.৩] প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বৃক্করণ	জন	০.০০১২	১৮০জন	৮৫%
[২.১.১] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত	%	১০০%	২০	১০০%
[২.২.১] সমবায়ের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান (পুরুষ)	জন	০.০০১২	৬৮জন	৫৪%
[২.২.২] সমবায়ের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান (মহিলা)	জন	০.০০১	৬৬জন	৫৬%
[৩.১.১] আয়মাগ প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা)	জন	১০০	২৫জন	৩৩%
[৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত(পুরুষ/মহিলা)	%	১০০%	১২জন	১০০%
[৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য মনোনয়ন প্রেরিত	%	১০০%	০১টি	১০০%

মুলতঃ- কৃষিকে কেন্দ্র করে এ উপমহাদেশে সমবায়ের উৎপত্তি হলেও পিরোজপুর সমবায় বিভাগ কৃষি ও কৃষিভিত্তিক কার্যক্রমের পাশাপাশি ক্ষুদ্র ব্যবসা, পেশাজীবী, মৎস্য, দুক্ক, সঞ্চয়-খণ্ডন, পানি ব্যবস্থাপনা ইত্যাদি সেক্ষেত্রে সমবায় কার্যক্রমের বিস্তার ঘটেছে। দেশের বিভিন্ন শ্রেণি পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে জেলা সমবায় বিভাগ পিরোজপুর কাজ করছে। আর্থ-সামাজিক উন্নয়নে জেলা সমবায় বিভাগ পিরোজপুর প্রধানত তিনভাবে কাজ করছে:

- (ক) সমবায় সমিতি গঠন করে সমিতির কার্যক্রমের মাধ্যমে;
- (খ) প্রশিক্ষণের মাধ্যমে;
- (গ) প্রকল্প গ্রহণের মাধ্যমে।

### আর্থ-সামাজিক উন্নয়নে সমবায়ের প্রধান খাতসমূহ:

#### কৃষি সমবায়

- ❖ কৃষকদেরকে সমবায়ের মাধ্যমে সংগঠিত করে উন্নত বীজ, সার ও সেচ পদ্ধতি ব্যবহার করে বাংলাদেশে কৃষি উৎপাদন বৃদ্ধিতে সমবায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- ❖ বর্তমানে কৃষি সমবায় সমিতির সংখ্যা প্রায় ৫৯টি।

#### মৎস্যজীবী সমবায়

- ❖ ইন্দুরকানী উপজেলায় বর্তমানে প্রায় ১টি মৎস্যজীবী সমবায় সমিতি রয়েছে।

#### আশ্রয়ণ সমবায় গঠন ও খণ কার্যক্রম:

- ❖ পিরোজপুর জেলায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুসারে ইতোমধ্যে ০৩টি আশ্রয়ণ (ফেইজ-২) ও ০৫টি আশ্রয়ণ-২ সমবায় সমিতিতে খণ কার্যক্রম চলমান আছে। এতে সুবিধাভোগীরা আত্ম-নিভরশীল হয়েছে।
- ❖ পিরোজপুর জেলায় ভূমিহীন, গৃহহীন ও ছিন্মূল পরিবারের জন্য বাসস্থান, প্রশিক্ষণ, খণসহ অন্যান্য সুবিধা প্রদানের দারিদ্র বিমোচনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গৃহীত আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতি সংগঠন, খণ প্রদান ও আদায় ইত্যাদি গুরুত্বপূর্ণ কাজে সমবায় অধিদপ্তর কার্যকর ভূমিকা পালন করছে।

মুজিববর্ষ উপলক্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের সুবিধাভোগীদের নিয়ে মঠবাড়িয়া উপজেলায় ভূমিহীন, গৃহহীন ও ছিমুল পরিবারের জন্য বাসস্থান, প্রশিক্ষণ, খণ্ডসহ অন্যান্য সুবিধা প্রদানের দারিদ্র বিমোচনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গৃহীত আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতি সংগঠন, খণ্ড প্রদান ও আদায় ইত্যাদি গুরুত্বপূর্ণ কাজে সমবায় অধিদপ্তর কার্যকর ভূমিকা পালন করছে।

### প্রশিক্ষণের তথ্য :

ইন্দুরকানী উপজেলায় রাজস্ব অর্থায়নে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করে থাকে। এছাড়াও সমবায়ী ও সমবায় দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে ইনহাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়।

### প্রশিক্ষণ কার্যক্রম:

প্রশিক্ষণ প্রতিষ্ঠান		২০২৩-২০২৪
	কোর্সের সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা
ভ্রাম্যমাণ প্রশিক্ষণ	৪ টি	১০০ জন
মোট =	৪ টি	১০০ জন

বাংলাদেশের জনসংখ্যার শতকরা ৬৫ ভাগ গ্রামাঞ্চলে বসবাস করেন এবং তাদের জীবিকা একান্তভাবে কৃষির উপর নির্ভরশীল। এ বাস্তবতায় ভবিষ্যতের গ্রামীণ উন্নয়ন হবে একটি দক্ষতাসম্পন্ন ও উৎপাদনশীল কৃষির সমার্থক। বিগত দশকে বাংলাদেশে তাৎপর্যপূর্ণ অগ্রগতি অর্জিত হয়েছে তবুও নাগরিক সেবা ও সুবিধায় শহর ও গ্রামাঞ্চলের মধ্যে এখনও ব্যাপক ব্যবধান বিদ্যমান। প্রেক্ষিত পরিকল্পনার একটি অগ্রাধিকার হচ্ছে গ্রাম ও শহরের বিভাজন পর্যায়ক্রমে কমিয়ে আনা। এই লক্ষ্যে গ্রামীণ জনগোষ্ঠীর জীবিকার উৎস হিসেবে কৃষি ও কৃষি বহির্ভূত বাণিজ্যিক কার্যালয়ী সম্পাদন এবং কৃষি যান্ত্রিকীকরণের পাশাপাশি যেসকল উদ্যোগ গ্রহণ করা হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য হলো:

- গ্রামাঞ্চলে কৃষি ভিত্তিক ক্ষুদ্র শিল্পকে উৎসাহিত করা হবে এবং যুবকদের জন্য বিশেষ করে উচ্চশিক্ষিত যুবকদের জন্য যারা হবে ভবিষ্যতের মানব সম্পদ-তাদের কাজের সুযোগ তৈরী করতে ব্যবসা-ব্যাণিজ্যের অনুকূল পরিবেশ নিশ্চিত করা হবে।
- গ্রামীণ যুবকদের জন্য তাদের পারিবারিক চাহিদা ও চাকুরীর সাথে সঙ্গতিপূর্ণ এবং শিক্ষাগত মান অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালী করা হবে। যারা দক্ষ তাদের জন্য খণ্ড সহায়তা করা হবে।
- জন্য কর্মসূচী থাকবে। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের উৎসাহ ও সহযোগীতা প্রদানের গ্রামাঞ্চলে কর্মসংস্থানের সুযোগ তৈরীর জন্য বিদেশী ও উৎপাদনে ও ব্যবসায়ী কার্যক্রমে ব্যাংক খণ্ডে অভিগম্যতা উন্নত করা হবে।
- স্থানীয় বিনিয়োগ উৎসাহিত করা হবে। কৃষি জমির অপরিকল্পিত ব্যবহার নিষিদ্ধ করতে কঠোর আইন প্রবর্তন করা হবে।
- সুবিধা গড়ে তোলা এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপন করা হবে। গ্রামাঞ্চলে কৃষি ভিত্তিক ম্যানুফ্যাকচারিং শিল্পকারখানা মিঠা পানি ও সামুদ্রিক ইকোসিস্টেমে মৎস্য আহরণ ও ম্যানুফ্যাকচারিং ব্যবস্থার উন্নতি সাধন করা হবে।
- মোট =

## ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ২০২১-২০২৫

দুই শতকের উভয়ন লক্ষ বুপকল্প অর্জনে বেশ কয়েকটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্য ১ কোটি ১৬ লাখ ৭০ হাজার কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যমাত্রাকে সামনে রেখে আষ্টম পঞ্চবার্ষিকী (২০২১-২০২৫) পরিকল্পনার বাস্তবায়ন শুরু হয়েছে। কোডিড-১৯ এর কারনে সৃষ্টি অচলাবস্থা থেকে অর্থনৈতিক কার্যক্রম পূর্বের ধারায় ফিরিয়ে আনার প্রত্যয়ে উভয়ন প্রক্রিয়ায় প্রত্যেক নাগরিকের অংশগ্রহণ এবং দরিদ্র ও দুর্দশাগ্রস্ত জনগোষ্ঠীকে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সহায়তা দেয়ার লক্ষ্য একটি অন্তর্ভুক্তিমূলক কৌশল নেয়া হয়েছে এ পরিকল্পনায়। এ প্রেক্ষিতে জেলা সমবায় বিভাগ পিরোজপুর এর অগ্রাধিকার প্রাপ্ত ক্ষেত্রসমূহ হলো :

গ্রামের দরিদ্র জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধি

সমবায় উদ্যোগ আর্থিক সেবার সম্প্রসারণ

ই-কর্মার্স এর মাধ্যমে গ্রামে উৎপাদিত পণ্যের বাজার সংযোগ স্থাপন

নারীর ক্ষমতায়ন

গ্রামীণ ক্ষুদ্র ও মাঝারি শিল্পের প্রসার

কৃষির যান্ত্রিকীকরণ

সমবায় ভিত্তিক গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন

পল্লী সামাজিক-সংস্কৃতিক উভয়ন

গ্রামীণ জনগোষ্ঠীর শিক্ষা, প্রশিক্ষণ ও দক্ষতা উভয়ন

সমবায় আন্দলোনকে আরও গতিশীল করার জন্য জেলা সমবায় ইউনিয়নকে শক্তিশালীকরণ

সমবায় খাতের আর্থিক প্রতিষ্ঠান সমূহকে শক্তিশালীকরণ ও সংস্কার

## ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ (Delta Plan-2021)

জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগজনিত ঝুঁকি সামাল দিয়ে উভয়নের দীর্ঘমেয়াদি চ্যালেঞ্জ মোকাবিলায় ‘বংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০’ নামের একটি ১০০ বছর মেয়াদী মহাপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। পরিকল্পনাটিতে পানি সম্পদ ব্যবস্থাপনা, জমির উপযুক্ত ব্যবহার, পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং এদের পারস্পারিক মিথস্ক্রিয়াকে বিবেচনা করা হয়েছে। এ মহাপরিকল্পনায় তিনটি উচ্চ পর্যায়ের লক্ষ্য পৌছানোর পাশাপাশি ছয়টি ব-দ্বীপ সম্পর্কিত অভীষ্টের কথা এসেছে, যেখানে সমবায় এর গুরুত্বপূর্ণ আবদান রাখার সুযোগ রয়েছে।

### **ব-দ্বীপ সংশ্লিষ্ট অভীষ্টগুলো হলো :**

১. বন্যা ও জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বিপর্যয় থেকে নিরাপত্তা নিশ্চিত করা
২. পানি ব্যবহারে অধিকতর দক্ষতা ও নিরাপদ পানির নিরাপত্তা নিশ্চিত করা
৩. সমর্পিত ও টেকসই নদী অঞ্চল এবং মোহনা ব্যবস্থাপনা গড়ে তোলা
৪. জলাভূমি এবং বাস্তুতন্ত্র সংরক্ষণ এবং তাদের যথোপযুক্ত ব্যবহার নিশ্চিত করা
৫. অন্ত:দেশীয় ও আন্ত:দেশীয় পানি সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য কার্যকর প্রতিষ্ঠান ও ন্যায়সংগত সুশাসন গড়ে তোলা
৬. ভূমি ও পানি সম্পদের সর্বোত্তম সমর্পিত ব্যবহার নিশ্চিত করা

## **টেকসই উভয়ন লক্ষ্যমাত্রা ( Sustainable Development Goals )**

২০১৫ সালে জাতিসংঘ শীর্ষ সম্মেলনে ১৯৩টি দেশের রাষ্ট্র/সরকার প্রধানগণ Transforming Our World : The 2030 Agenda for Sustainable Development' শিরোনামে একটি কর্মপরিকল্পনা অনুমোদন করেন। এই কর্ম-পরিকল্পনায় অনেকগুলো সুন্দরপ্রসারী, গণকেন্দ্রিক ও বুপান্তর সৃষ্টিকারী লক্ষ্য ও টার্গেট অন্তর্ভুক্ত, যা Global Goals বা 2030 Agenda বা ‘এসডিজি হিসাবে অভিহিত। এসডিজি’র ১৭টি অভিষ্ঠ রয়েছে, প্রতিটি অভীষ্টের জন্য একাধিক

টার্গেট চিহ্নিত করে ১৬৯টি টার্গেট নির্ধারণ করা হয়েছে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) এর ১৭টি অভীষ্টের মধ্যে সমবায়ের সাথে সম্পৃক্ত সুনির্দিষ্ট অভীষ্ট ও লক্ষ্যমাত্রাসমূহ নিম্নরূপ :

### **টেকসই উন্নয়ন অভীষ্ট ১। দারিদ্র্য বিলোপ : সর্বত্র সব ধরণের দারিদ্র্যের অবসান**

#### **অভীষ্ট ১ এর সমবায় সংশ্লিষ্ট টার্গেটগুলো হলো :**

২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্যের সম্পূর্ণ অবসান ও জাতীয় সংজ্ঞা অনুযায়ী চিহ্নিত যেকোন ধরনের দারিদ্র্যের মধ্যে বসবাসকারী সকল বয়সের নারী, পুরুষ ও শিশু সংখ্যা অর্ধেক নামিয়ে আনা (১.১ ও ১.২)।

নুন্যতম সামাজিক নিরাপত্তা সুবিধার নিশ্চয়তাসহ সকলের জন্য সামাজিক সুরক্ষা ব্যবস্থা (১.৩)

২০৩০ সালের মধ্যে নারী ও পুরুষ, বিশেষ করে দারিদ্র্য ও অরক্ষিত (সংকটপ্র) জনগোষ্ঠীর অনুকূলে অর্থনৈতিক সম্পদ ও মৌলিক সেবা সুবিধা, জমি ও আপরাধের সম্পত্তির মালিকানা ও নিয়ন্ত্রণ, উত্তরাধিকার, প্রাকৃতিক সম্পদ, লাগসই নতুন প্রযুক্তি এবং ক্ষুদ্র ঋণসহ আর্থিক সেবা প্রাপ্তির ক্ষেত্রে সমত্বিকার প্রতিষ্ঠা (১.৪)।

### **টেকসই উন্নয়ন অভীষ্ট ২। ক্ষুধামুক্তি: ক্ষুধার আবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন এবং টেকসই কৃষির প্রসার**

#### **অভীষ্ট ২ এর সমবায় সংশ্লিষ্ট টার্গেটগুলো হলো :**

- ২০৩০ এর মধ্যে সকল মানুষ, বিশেষ করে অরক্ষিত পরিস্থিতিতে বসবাসকারী জনগোষ্ঠী, দরিদ্র জনগণ ও শিশুর জন্য বিশেষ অগ্রাধিকারসহ বছরব্যাপী নিরাপদ, পুষ্টিকর ও পর্যাপ্ত খাদ্য প্রাপ্তি নিশ্চিত করে ক্ষুধার অবসান ঘটানো (২.১)।

- ক্ষুদ্র পরিসরে খাদ্য উৎপাদনকারী, বিশেষ করে নারী, আদিবাসী জনগোষ্ঠী, পারিবারিক কৃষক, পশুপাখি পালনকারী ও মৎস্যচাষীদের আয় ও কৃষিজ উৎপাদনশীলতা দ্বিগুন করা এবং এই লক্ষ্যে ভূমি, অন্যান্য উৎপাদনশীল সম্পদ ও উপকরণ, জ্ঞান, আর্থিক সেবা, বিপণন, মূল্য সংযোজনের সুযোগ ও কৃষি-বহির্ভূত কর্মসংস্থানে তাদের নিরাপদ (সুরক্ষিত) ও সমান সুযোগ নিশ্চিত করাসহ অন্যান্য উদ্যোগ গ্রহণ (২.৩)।

### **টেকসই উন্নয়ন অভীষ্ট ৫। জেন্ডার সমতা: জেন্ডার সমতা অর্জন এবং সকল নারী ও মেয়েদের ক্ষমতায়ন**

#### **অভীষ্ট ৫ এর সমবায় সংশ্লিষ্ট টার্গেটগুলো হলো :**

- রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক অঙ্গনে সিদ্ধান্ত গ্রহণে সকল পর্যায়ে নেতৃত্ব দানের জন্য নারীদের পূর্ণাঙ্গ ও কার্যকর অংশগ্রহণ ও সমান সুযোগ নিশ্চিত করা (৫.৫), অর্থনৈতিক সম্পদ এবং ভূমিসহ সকল প্রকার সম্পত্তির মালিকানা ও নিয়ন্ত্রণ, নারীদের ক্ষমতায়নে সহায়ক প্রযুক্তি বিশেষ করে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার বাড়ানোর (৫.ক,খ)।

টেকসই উন্নয়ন অভিষ্ঠ ৮। শোভন কাজ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি: সকলের জন্য পুর্ণাঙ্গ ও উৎপাদনশীল কর্মসংস্থান এবং শোভন কর্মসূযোগ সৃষ্টি এবং স্থিতিশীল, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন।

#### অভিষ্ঠ ৮ এর সমবায় সংশ্লিষ্ট টার্গেটগুলো হলো :

উচ্চমূল্য সংযোজনী ও শ্রমঘন খাতগুলোতে বিশেষ গুরুত্ব প্রদানসহ বহুমুখিতা, প্রযুক্তিগত উন্নয়ন ও উন্নাবনার মাধ্যমে অর্থনৈতিক উৎপাদনশীলতার উচ্চতর মান অর্জন (৮.২)।

অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের প্রমিত ব্যবসায়িক মান অনুসরন ও ক্রমোন্নতিতে উৎসাহিত করা যুবসমাজ ও প্রতিবন্ধী জনগোষ্ঠীসহ সকল নারী ও পুরুষের জন্য পূর্ণকালীন উৎপাদনশীল কর্মসংস্থান ও শোভন কর্মসূযোগ সৃষ্টি এবং সমপরিমাণ বা মর্যাদার কাজের জন্য সমান মজুরি প্রদান নিশ্চিতকরণ (৮.৩,৮.৫)।

স্থানীয় সংস্কৃতি ও পন্য সম্ভাবনের প্রবর্ধন সহায়ক ও কর্মসূজনমূলক টেকসই পঞ্চটন শিল্প প্রসার (৮.৯)।

#### টেকসই উন্নয়ন অভিষ্ঠ ১০। অসমতার হাস: আন্ত:ও অন্ত:দেশীয় অসমতা কমিয়ে আনা

#### অভিষ্ঠ ১০ এর সমবায় সংশ্লিষ্ট টার্গেটগুলো হলো :

বয়স, লিঙ্গ, প্রতিবন্ধিতা, জাতিসভা, ন্যূনতাবিহীন পরিচয়, উৎস (জন্মস্থান), ধর্ম অথবা অর্থনৈতিক বা অন্যান্য অবস্থা নির্বিশেষে ২০৩০ সালের মধ্যে সকলের ক্ষমতায়ন এবং এদের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক অন্তর্ভুক্তির প্রবর্ধন, বৈষম্য হাস, সকলের জন্য সমান সুযোগ। ক্ষুদ্র পরিসরে মৎস্য আহরণকারী জেলেদের সামুদ্রিক সম্পদ ও বাজারে প্রবেশাধিকার (১০.২)

#### টেকসই উন্নয়ন অভিষ্ঠ ১২। পরিমিত ভোগ ও টেকসই উৎপাদন : পরিমিত ভোগ ও টেকসই উৎপাদন ধরণ নিশ্চিত করা।

#### অভিষ্ঠ ১২ এর সমবায় সংশ্লিষ্ট টার্গেটগুলো হলো :

খুচরা বিক্রেতা ও ভোক্তা পর্যায়ে মাথাপিছু বৈশিক খাদ্য অপচয়ের পরিমান ২০৩০ সালের মধ্যে অর্ধেক নামিয়ে আনা এবং ফসল আহরণগোত্তের লোকসান(অপচয়) সহ উৎপাদন ও সরবরাহ শৃঙ্খলের বিভিন্ন পর্যায়ে খাদ্যপন্য বিনষ্ট হবার পরিমাণ কমানো (১২.৩)।

স্থানীয় সংস্কৃতি ও স্থানীয়ভাবে উৎপন্ন পন্যসামগ্রীর প্রচার ও প্রসার (১২.৪)।

#### টেকসই উন্নয়ন অভিষ্ঠ ১৩। জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব মোকাবেলায় জরুরি কর্মব্যবস্থা গ্রহণ

#### অভিষ্ঠ ১৩ এর সমবায় সংশ্লিষ্ট টার্গেটগুলো হলো :

সকল দেশে জলবায়ু সম্পৃক্ত ঝুঁকি ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় অভিযাতসহনশীলতা ও অভিযোজন সক্ষমতা বৃদ্ধি করা (১৩.১)।

জলবায়ু পরিবর্তন প্রমশন, অভিযোজন, প্রভাব নিরাসন ও আগাম সতর্কতা বিষয়ে শিক্ষা, সচেতনতা বৃদ্ধি এবং মানব ও প্রতিষ্ঠানিক দক্ষতার উন্নতি সাধন (১৩.৩)।

## উন্নত বাংলাদেশ বিনির্মানে সমবায় ভাবনা-

জেলা সমবায় বিভাগ পিরোজপুর সমাজের নানা শ্রেণী-পেশার মানুষের জীবন মনোন্নয়নে নানাবিধি উন্নয়ন বাস্তবায়ন করে থাকে। জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন লক্ষ্যমাত্রা, দলিলপত্র এবং অংশীজনদের মতামতের উপর ভিত্তি করে সমবায় উন্নয়ন অগ্রযাত্রায় নিম্নোক্ত ৮টি টার্গেট গুপকে বিবেচনা করা হয়েছে।

গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠী

নারী

তরুণ উদ্যোক্তা

অনগ্রসর ও প্রাণ্তিক জনগোষ্ঠী

কৃষি, মৎস্য, পোল্ট্রি, মাংস ও ডেইরী উৎপাদক

জলবায়ু ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী

বিদ্যমান সমবায় সমিতি

## এক নজরে নেছারাবাদ, পিরোজপুর এর সমবায় বিভাগের কার্যক্রম :

- ১) **সমবায় সমিতি নিবন্ধন :** ক্ষুদ্র সঞ্চয়, পুঁজি গঠন, লাভজনক খাতে পুঁজি বিনিয়োগ এবং শেয়ারের ভিত্তিতে মুনাফা বন্টন- এ আলোকে সমবায় সমিতি সংগঠনের উদ্বৃদ্ধকরণ এবং সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধান মোতাবেক ৩৫ প্রকার সমবায় সমিতি নির্ধারিত নিবন্ধন ফিসহ নির্ধারিত ফরমে আবেদন প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে নিবন্ধন করা হয়। এ ছাড়া নির্ধারিত ফরমে আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে সমবায় সমিতির উপ-আইন (গঠনতন্ত্র) এর সংশোধন করা হয়।
- ২) **বার্ষিক বিধিবন্ধন নিরীক্ষা সম্পাদন:** প্রত্যেকটি সমবায় সমিতি বছরে একবার নিরীক্ষা করা হয় এবং নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করে তদন্তপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লিষ্ট সমিতির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।
- ৩) **পরিদর্শন:** প্রত্যেক মাসে নির্ধারিত সংখ্যক সমবায় সমিতিপরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা করে সংশ্লিষ্ট সমিতিকে পরামর্শ প্রদানসহ যথাযথ ক্ষেত্রে সমিতির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।
- ৪) **তদন্ত:** সমবায় সমিতি বা উহার ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ আইনের বিধান মোতাবেক তদন্ত করত: দ্রুত প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়।
- ৫) **বিরোধ নিষ্পত্তি:** আইন ও বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সমবায় সমিতির যাবতীয় বিরোধ নির্ধারিত কোট ফি প্রাপ্তি সাপেক্ষে নিষ্পত্তি করা হয়।
- ৬) **আবসায়ন ও নিবন্ধন বাতিল:** আইন ও বিধি মোতাবেক অকার্যকর সমবায় সমিতি আবসায়নে ন্যস্ত করা হয় ও আবসায়নকের প্রতিবেদন প্রাপ্তির পর উক্ত সমবায় সমিতির নিবন্ধন বাতিল করা হয়। প্রযোজ্য ক্ষেত্রে অকার্যকর সমবায় সমিতির নিবন্ধন সরাসরি বাতিল করা হয়।
- ৭) **ব্যবস্থাপনা কমিটি নিয়োগ ও বহিক্ষার:** আইন ও বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে সমবায় সমিতিতে অর্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হয় এবং ব্যবস্থাপনা কমিটির বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ তদন্ত সাপেক্ষে প্রমাণিত হলে দায়ী ব্যবস্থাপনা কমিটি বা উহার সদস্যকে বহিক্ষার করা হয়।
- ৮) **নির্বাচন কমিটি নিয়োগ:** সকল কেন্দ্রীয় ও সমবায় সমিতি এবং ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বেশী পরিশোধিত শেয়ার মূলধন বিশিষ্ট প্রাথমিক সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিটি নিয়োগ করা হয়।
- ৯) **নির্বাচন সংক্রান্ত আগীল নিষ্পত্তি :** জেলা ব্যাপী এবং উহার কম কর্ম এলাকা বিশিষ্ট সকল প্রাথমিক সমবায় সমিতির নির্বাচনে মনোনয়নপত্র বৈধ কিংবা বাতিল ঘোষনা সংক্রান্ত আগীল নির্ধারিত কোট ফি প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক নিষ্পত্তি করা হয়।
- ১০) **নন-ট্যাক্স রাজস্ব আদায়:** আইন ও বিধি মোতাবেক নিবন্ধন ফি এবং বার্ষিক নিরীক্ষা ফি ( সমিতির বার্ষিক নীট লাভের ১০০ টাকা বা উহার অংশ বিশেষের জন্য ১০ টাকা হারে সরোচ ১০০০০ টাকা ) ধার্য ও আদায় করা হয়।
- ১১) **সমবায় উন্নয়ন তহবিল আদায়:** আইন ও বিধি মোতাবেক বার্ষিক নিরীক্ষার ভিত্তিতে সমবায় উন্নয়ন তহবিল (নীট লাভের ৩% হারে) ধার্য ও আদায় করা হয়।
- ১২) **প্রত্যায়িত অনুলিপি বা নকল সরবরাহ:** বিধি মোতাবেক কোট ফি সহ আবেদন প্রাপ্তি সাপেক্ষে এ দপ্তরে সংরক্ষিত সমবায় সমিতির যে কোন রের্কেড বা দলিলের প্রত্যায়িত অনুলিপি বা নকল সরবরাহ করা হয়।
- ১৩) **বার্ষিক বাজেট অনুমোদন:** আইন ও বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে সমবায় সমিতির বার্ষিক বাজেট অনুমোদন করা হয়।
- ১৪) **বার্ষিক বিনিয়োগ প্রস্তাব অনুমোদন:** প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে বার্ষিক ৫ (পাঁচ) লক্ষে এবং কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে বার্ষিক ১০(দশ) লক্ষ টাকার বেশী বিনিয়োগের প্রকল্প প্রস্তাব আইন ও বিধি মোতাবেক অনুমোদন করা হয়।
- ১৫) **প্রশিক্ষণ :** এ দপ্তরের প্রশিক্ষণ ইউনিট কর্তৃক জেলাধীন নিবন্ধন প্রত্যাশি প্রত্যেকটি সমবায় সমিতির সদস্যগণকে সমবায় এবং সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধান সম্পর্কে নিবন্ধন পূর্ব প্রশিক্ষণ প্রদান করা হয়। আগ্রহী সমবায় সমিতিগুলোকে ভ্রাম্যমান প্রশিক্ষণের আওতায় হিসাব সংরক্ষণ ও সমিতি ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়। এ ছাড়া বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা ও আঞ্চলিক সমবায় ইনসিটিউট, বরিশালে সমবায় ব্যবস্থাপনা, হিসাব সংরক্ষণ পদ্ধতি, আয়-বর্ধক ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ কোর্সে জেলাধীন সমবায়গণকে প্রশিক্ষণগ্রহী হিসাবে মনোনয়ন প্রদান করা হয়। প্রশিক্ষণকালে সঞ্চয়ের গুরুত্ব ও পুঁজি গঠনের কৌশলসহ

সমবায়ীগণকে বিভিন্ন সামাজিক গুরুত্বপূর্ণ বিষয়, সমস্যা ও সমাধান সম্পর্কে সচেতনতা সৃষ্টি, ধারনা বিনিময় ও নাগরিক দায়িত্ব সম্পর্কে অনুপ্রাণিত করা হয়।

- ১৬) **তদারকি ও পরিচর্যা:** জেলাধীন অধিক কার্যকর সমবায় সমিতিগুলোকে মাসিক ভিত্তিতে তদারকি ও পরিচর্যা করা হয়। আর্থ-সামাজিক উন্নয়নে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে এ সমিতিগুলোকে পরামর্শ প্রদান করা হয়।
- ১৭) **আশ্রয়ন প্রকল্প:** উপজেলাধীন ০১ টি আশ্রয়ন (ফেইজ-২) ও ০২ টি আশ্রয়ন-২ প্রকল্পসহ মোট ০৩ টি এর মধ্যে ০১ প্রকল্পে প্রদত্ত খণ্ডের সাংগ্রাহিক কিস্তি আদায় করা হয়।
- ১৮) **অন্যান্য প্রকল্প:** সমবায় অধিদপ্তরের ফ্যামিলি ওয়েলফেয়ার প্রকল্প (সমাপ্ত), সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ প্রকল্প (সমাপ্ত), দুঃখ প্রকল্প (চলমান) এবং এলজিইডি ও সমবায় অধিদপ্তর কর্তৃক ঘোথভাবে ক্ষুদ্র পানি ব্যবস্থাপনা প্রকল্প (চলমান) এর বাস্তবায়নে কাজ করা হয়।
- ১৯) **সমবায় বাজার:** উৎপাদক ও ভোক্তার ক্ষেত্রে ন্যায্য মূল্য নিশ্চিত করতে জেলায় ৮ টি সমবায় বাজার চালু করা হয়েছে।
- ২০) **অভিযোগ নিষ্পত্তি:** সমবায় সমিতি কিংবা বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীর বিবুকে প্রাপ্ত যে কোন অভিযোগ যথাযথ প্রক্রিয়া অনুসরন করে নিষ্পত্তি করা হয়।
- ২১) **সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী অন্যান্য দায়িত্ব পালন:** নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় কর্তৃক অর্পিত ক্ষমতা অনুযায়ী সমবায় সমিতি আইন ও বিধিমালার অধীন ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করা হয়।
- ২২) **বিভাগীয় আর্থিক ও প্রশাসনিক দায়িত্ব পালন:** যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল এর নিয়ন্ত্রণে বিভাগীয় দায়িত্ব পালন, জেলাধীন ৭টি উপজেলা সমবায় কার্যালয় নিয়ন্ত্রণ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করা হয়।
- ২৩) **উন্নয়ন সমন্বয়কের দায়িত্ব পালন:** পিরোজপুর জেলার সমবায় অধিদপ্তরের নির্বাহী প্রধান হিসাবে জেলা উন্নয়ন সমন্বয় কমিটিতে সমবায় অধিদপ্তরের যাবতীয় কর্মকাণ্ডের সমন্বয় সাধন করা হয়।
- ২৪) **তথ্য প্রদান:** প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্ত আবেদনের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাশিত তথ্য প্রদান করা হয়।
- ২৫) **প্রতি সপ্তাহে বুধ বার গনশুনানী গ্রহণ করা হয়।**

#### তথ্য সূত্রঃ-

- ০১। জেলা সমবায় কার্যালয়ের ২০২৩-২০২৪ খ্রি. সনের বার্ষিক প্রতিবেদন।